

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সব ধরনের পরীক্ষা স্থগিত

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ভবনের ওপর

বিমানবাহিনীর যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় সারা দেশে রাষ্ট্রীয়

শোক পালন করা হয় মঙ্গলবার। এ অবস্থায় জাতীয়

বিশ্ববিদ্যালয়ের আগামী দুই দিনের সব ধরনের পরীক্ষা স্থগিত

ঘোষণা করা হয়েছে।

## পড়ুন

‘বোনের কাছে আমার লাশটা পোঁছে দিও’



মঙ্গলবার (২২ জুলাই) পরীক্ষা নিয়ন্ত্রক মো. এনামুল হক স্বাক্ষরিত

এক জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় জাতীয় বিশ্ববিদ্যালয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, উত্তরার দুর্ঘটনায় শিক্ষার্থীদের জানমালের

ব্যাপক ক্ষতির বিষয়টি বিবেচনায় নিয়ে বুধবার (২৩ জুলাই) ও

বৃহস্পতিবার (২৪ জুলাই) অনুষ্ঠিতব্য সব পরীক্ষা স্থগিত করার

সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

স্থগিত হওয়া পরীক্ষার নতুন সময়সূচি পরবর্তীতে জানিয়ে দেওয়া

হবে বলেও জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।

এর অগে মঙ্গলবারের (২২ জুলাই) সব ধরনের পরীক্ষাও স্থগিত

করে জাতীয় বিশ্ববিদ্যালয়। এদিনের স্থগিত হওয়া পরীক্ষাও

পরিবর্তিত সময়সূচি বিজ্ঞপ্তিতের মাধ্যমে জানানো হবে।

তবে পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী অন্যান্য পরীক্ষার তারিখ ও

সময় অপরিবর্তিত থাকবে বলেও জানানো হয়েছে।